



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট
কোটবাড়ী, কুমিল্লা।



ওয়েব সাইট- www.cumillapoly.gov.bd

ই-মেইল- comillapoly65054@yahoo.com ☎-০৮১-৭৬০৭৭

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- কুপই/সংস্থাপন/বিজ্ঞপ্তি/২০২০/

তারিখ : /০৬/২০২০ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১১১, তারিখ : ১৫/০৬/২০২০ খ্রিঃ মোতাবেক অত্র ইনস্টিটিউটে কর্মরত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধ এবং পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৬ জুন, ২০২০ খ্রিঃ হতে ৩০ জুন, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলী এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞার মেয়াদ বর্ধিত করণের সিদ্ধান্ত গ্রহণ করায় বর্ণিত সময়ে অত্র ইনস্টিটিউট এর অফিসিয়াল কার্যক্রম সীমিত পরিসরে যথারীতি চলমান থাকবে।

১. নিষেধাজ্ঞাকালীন অফিসিয়াল কার্যক্রম চলাকাণীর সময়ে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবশ্যই মাস্ক পরিধানসহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশমালা কঠোরভাবে মেনে চলতে হবে।
২. নিষেধাজ্ঞাকালীন সময়ে অত্র ইনস্টিটিউটের ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন (প্রয়োজনীয় প্রমাণক সাপেক্ষে)।
৩. নিষেধাজ্ঞাকালীন সময়ে অত্র ইনস্টিটিউট যদি লাল অঞ্চলের (Red Zone) আওতাভুক্ত হয় তাহলে কর্মকর্তাগণ সাধারণ ছুটির আওতায় থাকবেন।
৪. নিষেধাজ্ঞাকালীন সময়ে অত্র ইনস্টিটিউট হলুদ ও সবুজ অঞ্চলের (Yellow Zone & Green Zone) আওতাভুক্ত থাকা অবস্থায় অফিসিয়াল কার্যক্রম সীমিত পরিসরে খোলা থাকবে।
৫. নিষেধাজ্ঞাকালীন সময়ে অত্র ইনস্টিটিউটের পরীক্ষা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারী, নিরাপত্তার কাজে জড়িত কর্মকর্তা-কর্মচারী, বিদ্যুৎ কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী ও পাম্প ড্রাইভার যথারীতি স্ব স্ব দায়িত্বে নিয়োজিত থাকবেন।
৬. নিষেধাজ্ঞাকালীন সময়ে অত্র ইনস্টিটিউটের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিত করণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ থেকে জারিকৃত ১৩ দফা (সংশোধিত ১২ দফা) নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে।
৭. নিষেধাজ্ঞাকালীন সময়ে অত্র ইনস্টিটিউটের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ রিহান উদ্দিন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট

কোটবাড়ী, কুমিল্লা।

স্মারক নং- কুপই/সংস্থাপন/বিজ্ঞপ্তি/২০২০/৪০৭৭(১৬),

তারিখ : ১৬/০৬/২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্র/এ, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৩. পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোক./পিআইইউ/) কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্র/এ, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. পুলিশ সুপার, কুমিল্লা।
৬. উপাধ্যক্ষ, অত্র ইনস্টিটিউট।
৭. চিফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান : সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/পাওয়ার/ইলেকট্রনিক্স/কম্পিউটার/নন-টেক, অত্র ইনস্টিটিউট (বিষয়টি আপনার বিভাগের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
৮. জেলা হিসাব রক্ষণ অফিসার, কুমিল্লা।
৯. সভাপতি/সাধারণ সম্পাদক : বাপশিস/বাপশিপ/বাকাশিঅকস, অত্র ইনস্টিটিউট।
১০. হোস্টেল সুপার : ময়নামতি আলমগীর ছাত্রাবাস/শহীদুল্লাহ আবু ইউছুফ খান ছাত্রাবাস/ছাত্রী নিবাস, অত্র ইনস্টিটিউট।
১১. জনাব আবদুল ওয়াদুদ, ইন্সট্রাক্টর ও বিভাগীয় প্রধান (টেক) কম্পিউটার ও সদস্য “ওয়েব সাইট হালনাগাদ কমিটি”, অত্র ইনস্টিটিউট (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. শাখা প্রধান : সংস্থাপন/হিসাব/একাডেমিক/স্টোর/লাইব্রেরী/নিরাপত্তা, অত্র ইনস্টিটিউট (বিষয়টি আপনার শাখার সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
১৩. জনাব
১৪. নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।
১৫. সংরক্ষণ নথি/সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ রিহান উদ্দিন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট

কোটবাড়ী, কুমিল্লা।